রুকিয়াহ আল্লাহর উপর তাওয়াক্কুলের মর্মবিরোধী নয়

কেউ হয়তো প্রশ্ন করতে পারেন যে, রুকিয়াহ গ্রহণ ও বিশ্বাস করা আল্লাহর উপর তাওয়াক্কুল এবং তকদীর বিশ্বাসের মর্ম বিরোধী নয় কী?

সংক্ষিপ্ত উত্তর হলো যে, রুকিয়াহ আল্লাহর উপর তাওয়াক্কুলের মর্মবিরোধী নয়। আলেমগণের মধ্য হতে যারা এইমত পোষন করেন তাদের মধ্যে যারা অন্যতম তারা হলেন, ইমাম ইবনে তাইমিয়া, ইমাম ইবনে কাইয়্যুম ও সুলাইমান বিন আব্দুল্লাহ বিন আব্দুল ওয়াহহাব (আর রুক্বী আলা দ্বৌই আকিদাতু আহলুস সুন্নাহ আল জামাআ; ড. আলী ইবনে নুফাঈ আল-উলিয়ানী)।

ইমাম ইবনে তাইমিয়া (রহ.) বলেন, কেউ যদি নিজেকে বা অন্যকে শরীয়ত সম্মত রুকিয়াহ করে তাহলে তা তাওয়াক্কুলের পরিপন্থি হবে না; কেননা এটা নবী (সা.) হতে প্রমাণিত এবং এতে কোন সন্দেহ নেই। বরং যেগুলো মানুষের মনগড়া রুকিয়াহ সেগুলোই আল্লাহর উপর তাওয়াক্কুলের পরিপন্থী। হাদীসে এসেছে ৭০ হাজার লোক বিনা হিসেবে জান্নাতে প্রবেশ করবে; যারা মানুষের কাছ থেকে চিকিৎসা গ্রহণ করবে না তারা ও ঐ ৭০ হাজারের অন্তর্ভূক্ত (মাজমু আল-ফাতওয়া ইবনে তাইমিয়া ১/৩২৮)।

শায়খ সুলাইমান ইবনে আব্দুল ওয়াহাব উক্ত হাদীসের পর্যালোচনা ও মন্তব্য করতে গিয়ে বলেন: হাদীসটি একথা প্রমাণ করেনা যে, কোন প্রয়োজনে মাধ্যম ব্যবহার করা যাবে না। কিন্তু অনেক অজ্ঞলোক তা বুঝতে সক্ষম হয়না। সুবিধা অসুবিধার কারণ উদঘাটন করত প্রয়োজনীয় ব্যাবস্থা নেয়া উচিত এবং জরুরী ও বটে। এটা মানুষ কিংবা পশু-পাখীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য।

আর যে ব্যক্তি সর্বাবস্থায় আল্লাহর উপর তাওয়াক্কুল করে আল্লাহই তার সুরক্ষার ব্যবস্থা করেন!! মহামহীয়ান আল্লাহ বলেন:

قَالَ اللّٰهُ تَعَالِي: وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللَّهِ فَهُوَ حَسْبُهُ-

আর যে ব্যক্তি সকল অবস্থায় আল্লাহর উপর ভরসা করে তার জন্যে তিনিই (আল্লাহ) যথেষ্ট (আল কুরআন: সূরা আত-ত্বালাক, আয়াত: ৩)।

আল্লাহ যথেষ্ট কথাটার ভাবার্থ হলো; যা প্রয়োজনীয় কিন্তু তা অগ্রহণযোগ্য-মাকরুহ এক্ষেত্রে আল্লাহর উপর তাওয়াক্কুল করা এবং অপছন্দনীয় কাজ হতে বিরত থাকা। যেমন: চিকিৎসার নামে মন্ত্রপাঠ, তাবীজ, লোহ বা লোহাজাতীয় কোন বস্তু আগুনে পুড়িয়ে সেঁক দেয়া হয়। উক্ত পদ্ধতিগুলো মাকরুহ হওয়ার কারণেই বাদ দেয়া হয়েছে, চিকিৎসার উপকরণ হওয়ার কারণে বাদ দেয়া হয়নি।

রোগী সাধারণত: তার সুস্থতার জন্যে অনেক কিছুর সাথে জড়িয়ে পড়ে এবং সে যেকোন একটা মাধ্যমকে তার সুস্থতার কারণ বলে মনে করে থাকে। রোগের জন্য সরাসরি চিকিৎসার ব্যবস্থা গ্রহণ বা ঔষধাদির ব্যবহার মাকরুহ নয়। আর এটা তাওয়াক্কুলের পরিপন্থী বা মর্মবিরোধী হবে না, তবে চিকিৎসা ব্যবস্থা গ্রহণ করা শারি‘আহ সম্মত (সুলাইমান বিন আব্দুল ওয়াহহাব, তাইসিরুল আযীযিল হামীদ পৃষ্ঠা ১১০)।

প্রচারে: রুকিয়াহ শারি‘আহ এন্ড হিজামাহ ক্লিনিক সিলেট

যোগাযোগ: ০১৭১২ ৬৬ ৮৩ ৪৫